# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 13-08-2026** **Time: 1.30 P.M.**

১) সংসদের বাদল অধিবেশনের শেষ দিনে, রাজ্যসভায় আজ পাশ হয়েছে খনি ও খনিজ (উন্নয়ন ও নিয়ন্ত্রণ) সংশোধনী বিল।

# উভয় কক্ষই অনির্দিষ্টকালের জন্য মুলতুবি।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আজ ২০২৪-২৫ সালের সঙ্গীত নাটক অ্যাকাডেমি পুরস্কার ও ফেলোশিপ প্রদান করেছেন।

৩) ঝাড়খণ্ডে নিয়োগ পরীক্ষায় অসঙ্গতির অভিযোগে নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে আন্দোলনকারীরা।

# পাঞ্জাবে ফার্মাসি আধিকারিক নিয়োগের অপর স্থগিতাদেশ দিয়েছে সে রাজ্যের হাইকোর্ট।

# বিজেপি, বিরোধী দলগুলির বিরুদ্ধে ঝাড়খণ্ড এবং পাঞ্জাবে শিক্ষার্থীদের সমস্যা উপেক্ষা করার অভিযোগ করেছে।

৪) লাইবেরিয়ার বিদেশমন্ত্রী সারা বেসোলো নিয়ান্তি দুদিনের ভারত সফরে আজ সকালে নতুন দিল্লি পৌঁছেছেন। বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করার কথা রয়েছে তাঁর।

৫) কলম্বিয়ায় সাম্প্রতিক বিধ্বংসী ভূমিকম্পের পর সেদেশে, আর্থিক জরুরি অবস্থা ঘোষণা করেছেন আলবের্তো দে লা এস্প্রিয়েলা।

# ভারত সব রকম ভাবে পাশে আছে বলে জানিয়েছেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর।

৬) কানাডিয়ান ওপেন টেনিসে, পুরুষদের সিঙ্গেলসের ফাইনালে, ব্র্যান্ডন নাকাসিমা ও বেন শেলটন। মহিলাদের সিঙ্গেলসের উঠছেন ফাইনালে কোকো গফ ও ইগা সুইয়াতেক।

oooooooooooooooooooooooooo

সংসদের বাদল অধিবেশনের শেষ দিন আজ, রাজ্যসভায় 'খনি ও খনিজ (উন্নয়ন ও নিয়ন্ত্রণ) সংশোধনী বিল' পাস হয়েছে। এরপর সংসদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি করে দেওয়া হয়। গত মাসের ২০ তারিখে শুরু হওয়া এই বাদল অধিবেশন, ১৯ টি বৈঠকের পর আজ শেষ হলো। অধিবেশনে বিভিন্ন আইনি ও জাতীয় বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল, যেমন 'পাবলিক এক্সামিনেশনস (প্রিভেনশন অফ আনফেয়ার মিনস) অ্যামেন্ডমেন্ট বিল', 'জাতীয় সম্মানের অবমাননা সংশোধনী বিল', 'ট্রাইব্যুনাল সংস্কার বিল', 'কোর ও অন্যান্য আইন সংক্রান্ত সংশোধনী বিল', 'জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশন সংশোধনী বিল' এবং 'কেরালা নাম পরিবর্তন বিল', এই অধিবেশনে পাস হয়েছে।

তবে, 'নিট' (NEET) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশের তথাকথিত অমানবিক পদক্ষেপ এবং অযোধ্যার রাম মন্দিরে অনুদান সংক্রান্ত অনিয়মের বিষয়গুলিকে কেন্দ্র করে এই অধিবেশনে বারবার অচলাবস্থা ও বিশৃঙ্খলাও দেখা গেছে।

oooooooooooooooooooooooooo

সংসদের উভয় কক্ষই 'বিদেশি অনুদান (নিয়ন্ত্রণ) সংশোধনী বিল,'-কে আরও বিশদে পর্যালোচনার জন্য যৌথ সংসদীয় কমিটি-JPC-র কাছে পাঠানোর অনুমোদন দিয়েছে। এই বিলের উদ্দেশ্য হলো বিদেশি অনুদানের ব্যবহারকে আরও স্বচ্ছ ও দায়বদ্ধ করে তোলা।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই লোকসভায় একটি প্রস্তাব উত্থাপন করেন, যাতে বিলটি নিয়ে ব্যাপক আলোচনার লক্ষ্যে উভয় কক্ষের সদস্যদের নিয়ে গঠিত একটি যৌথ সংসদীয় কমিটির কাছে তা পাঠানো হয়। এই কমিটিতে লোকসভা থেকে

অধ্যক্ষের মনোনীত ২১ জন এবং রাজ্যসভা থেকে চেয়ারম্যানের মনোনীত ১০ জন সদস্য থাকবেন। কমিটি শীতকালীন অধিবেশনের প্রথম সপ্তাহের শেষ দিনের মধ্যে লোকসভায় তাদের প্রতিবেদন পেশ করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদে বারবার বিঘ্ন ঘটানোর জন্য বিরোধীদের তীব্র সমালোচনা করেছেন কেন্দ্রীয় মন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল। বিরোধীদের বিরুদ্ধে গণতান্ত্রিক ও সংসদীয় ঐতিহ্যের প্রতি অনাদর প্রদর্শনের অভিযোগ করেন তিনি।

আকাশবাণী সংবাদকে দেওয়া এক সাক্ষাৎকারে শ্রীমতি প্যাটেল বলেন, বিরোধীদের এই আচরণ সমগ্র দেশ প্রত্যক্ষ করেছে। তিনি আরও অভিযোগ করেন, গণতন্ত্র কিংবা সংসদীয় ঐতিহ্যের প্রতি বিরোধীদের কোনো আস্থা নেই।

BYTE- Anupriya

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ১১৫ জন শিল্পীকে ২০২৪ ও ২০২৫-এর সঙ্গীত নাটক একাডেমি পুরস্কার ও ফেলোশিপ প্রদান করছেন। সংগীত, নৃত্য, নাটক, লোক ও আদিবাসী শিল্প, পুতুলনাচ, ঐতিহ্যবাহী থিয়েটার এবং অন্যান্য সম্পর্কিত শিল্পমাধ্যমের মাধ্যমে ভারতের পরিবেশন শিল্পে অসামান্য ও ধারাবাহিক অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়। ফেলো সম্মানের জন্য তিন লক্ষ টাকা এবং একাডেমি পুরস্কারের জন্য এক লক্ষ টাকার পাশাপাশি একটি তাম্রপত্র ও অঙ্গবস্ত্র

প্রদান করা হয়। রাষ্ট্রপতি বলেন আধুনিকভারতের ঐতিহ্য এবং পরম্পরা বহন করে নিয়ে চলেছেন এই শিল্পীরা।

Byte- President

মিউজিক-এ পশ্চিমবঙ্গের নির্মাল্য দে, সঞ্জয় মুখোপাধ্যায়, প্রভাতী মুখোপাধ্যায়, পুরস্কার পাচ্ছেন। এছাড়াও ছৌ নৃত্যে নৃপেন সহিস, থিয়েটারে দীনেশ কুমার পোদ্দার এবং কল্লোল ভট্টাচার্য, পারফর্মিং আর্টসে তপতী চৌধুরী তালিকায় রয়েছেন। ফেলোশিপ প্রাপকের তালিকায় রয়েছেন, রীতা গাঙ্গুলী।

ooooooooooooooooooooooooo

ঝাড়খণ্ডের ১৪তম লোক সেবা আয়োগ-PSC পরীক্ষায় বিভিন্ন ক্ষেত্রে অসঙ্গতির নিরপেক্ষ তদন্ত এবং দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে পরীক্ষার্থীরা ঐক্যবদ্ধভাবে সোচ্চার হয়েছেন। এ বিষয়ে রাঁচিতে 'জেপিএসসি-জেএসএসসি রিফর্ম ফোরাম' JPSC-JSSC Reform Forum এর কোর কমিটির একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়।

কিছুদিন আগে বিক্ষোভকারী শিক্ষার্থীদের ওপর লাঠিচার্জের ঘটনা নিয়ে, বিজেপি সাংসদরা দিল্লিতে সংসদ চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেন। ঝাড়খণ্ড সরকারের তীব্র বিরোধিতা করে বিষয়টির সিবিআই তদন্তের দাবি জানান তাঁরা।

ঝাড়খণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী রঘুবর দাস বিক্ষোভকারী শিক্ষার্থীদের সঙ্গে দেখা করেন। ক্ষতিগ্রস্ত ১৯ জন পরীক্ষার্থীর পরিবারপ্রতি এক কোটি টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার দাবিও জানান তিনি। এক সপ্তাহের মধ্যে সিবিআই তদন্তের নির্দেশ দেওয়া না হলে অনশন শুরু করার হুঁশিয়ারি দেন প্রাক্তন মুখ্যমন্ত্রী।

অন্যদিকে, কংগ্রেস বিবৃতিতে বলেছে, শিক্ষার্থীদের সঙ্গে জড়িত এই স্পর্শকাতর বিষয়টিকে নিয়ে রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করছে বিজেপি । তাঁরা বলেন, মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের নেতৃত্বাধীন সরকার, যুবসমাজের প্রতি সংবেদনশীল এবং পরীক্ষা সংক্রান্ত যেকোনো অনিয়মের সমাধানে প্রতিশ্রুতিবদ্ধ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ পরীক্ষায় প্রশ্নফাঁসের অভিযোগের জেরে পাঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট ৪৫৪ জন ফার্মাসি আধিকারিক পদের নিয়োগ প্রক্রিয়া স্থগিতাদেশ দিয়েছে। গত মাসের ১৯ তারিখে এই পরীক্ষাটি অনুষ্ঠিত হয়েছিল। ফরিদকোটের বাবা ফরিদ ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সেস এই পদগুলির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল। মামলাটির পরবর্তী শুনানি হবে ১৭ ই সেপ্টেম্বর। পরীক্ষাকে কেন্দ্র করে সৃষ্ট রাজনৈতিক উত্তেজনার মধ্যেই এই স্থগিতাদেশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি আজ বিরোধী দলগুলির বিরুদ্ধে পাঞ্জাব ও ঝাড়খণ্ডের শিক্ষার্থীদের সমস্যা উপেক্ষা করার অভিযোগ করেছে। নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বিজেপি মুখপাত্র ড. সুধাংশু ত্রিবেদী বলেন, ঝাড়খণ্ড ও পাঞ্জাবের শিক্ষার্থীদের সমস্যা সংক্রান্ত প্রশ্ন এড়িয়ে যেতেই বিরোধীরা সংসদে হই হট্টগোল সৃষ্টি করছে।

কংগ্রেস নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী ঝাড়খণ্ডের শিক্ষার্থীদের সমস্যার বিষয়ে নীরব ভূমিকা পালন করছেন বলে তিনি অভিযোগ করেন।

BYTE - Dr. Sudhanshu Trivedi

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খণ্ডের নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে সংসদের মকর দ্বারের সামনে আজ এনডিএ সাংসদরা বিক্ষোভ প্রদর্শন করেন। ঝাড়খণ্ডে আন্দোলনরত প্রায় ৬০০ জন শিক্ষার্থীর বিরুদ্ধে FIR দায়ের করা হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী সঞ্জয় শেঠ দাবি করেন।

আকাশবাণী সংবাদকে দেওয়া সাক্ষাৎকারে তিনি শিক্ষার্থীদের ওপর পুলিশি অত্যাচার নিয়ে প্রশ্ন তোলেন। মন্ত্রী এই বিষয়টির সিবিআই তদন্তের দাবি পুনর্ব্যক্ত করেন।

BYTE- SANJAY SETH

ooooooooooooooooooooooooo

মিজোরামের ছাত্র সংগঠন 'মিজো জিরলাই পোল' সে রাজ্যের জন সেবা আয়োগ- PSC সংস্কারের দাবিতে তাদের আন্দোলন তুলে নিয়েছে। মিজোরাম সরকার, কমিশন সংস্কারের জন্য একটি কমিটি গঠন করার পর এই সিদ্ধান্ত বলে সংগঠনের তরফে জানানো হয়েছে।

উল্লেখ্য, গত ৬ আগস্ট শান্তিপূর্ণ বিক্ষোভের মাধ্যমে এই আন্দোলন শুরু হয়। কমিশনের পরিকাঠামো ও নিয়োগ সংক্রান্ত সংস্কারের দাবি করা হয়।

এদিকে, মিজোরাম সরকার নিয়োগ প্রক্রিয়া পর্যালোচনার জন্য কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের সচিবের নেতৃত্বে সাত সদস্যের একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছে। এই কমিটি নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে প্রতিটি ধাপ পরীক্ষা করে দেখবে বলে খবর।

ooooooooooooooooooooooooo

লাইবেরিয়ার বিদেশ মন্ত্রী সারা বেসোলো নিয়ান্তি আজ সকালে নতুন দিল্লিতে এসে পৌঁছেছেন। তিনি দুই দিনের ভারত সফর করছেন। দিল্লির হায়দরাবাদ হাউসে বিদেশ মন্ত্রী ড. সুব্রমনিয়ম জয়শঙ্করের সঙ্গে বৈঠক করার কথা রয়েছে তাঁর। সমাজ মাধ্যমে এক বার্তায় বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই সফর ভারত ও লাইবেরিয়ার পারস্পরিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে।

বিদেশ মন্ত্রক আরও বলেছে, লাইবেরিয়া ভারতের সঙ্গে শুল্কমুক্ত বাণিজ্যিক আদান প্রদান প্রকল্পের অন্তর্ভুক্ত। এর ফলে ভারতে লাইবেরীয়ার বিভিন্ন পণ্য রপ্তানি সহজতর করবে। উল্লেখ্য, লাইবেরিয়া আন্তর্জাতিক সৌর জোট-ISA-এর সদস্য রাষ্ট্র।

ooooooooooooooooooooooooo

কলকাতার নীল রতন মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত এক নার্সের অস্বাভাবিক মৃত্যুতে  চাঞ্চল্য ছড়িয়েছে। গতরাতে স্ত্রী রোগ বিভাগের HDU-তে ৩০ বছর বয়সী ওই নার্স দায়িত্বে ছিলেন। কাজে যোগ দেওয়ার কিছুক্ষণ পর থেকে নার্সিং স্টেশনে তার খোঁজ পাওয়া যাচ্ছিল না। রাত সাড়ে ১০-টা নাগাদ অন্য সহকর্মীরা তাঁর খোঁজ শুরু করেন। কিছুক্ষণ বাদে শৌচালয়ের দরজা ভেঙে অচৈতন্য অবস্থায় উদ্ধার করা হয় তাকে। দ্রুত চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হলে ডাক্তারা মৃত ঘোষণা করেন। নার্সের শরীরে প্রাথমিকভাবে বাহ্যিক আঘাতের চিহ্ন মেলেনি। পাওয়া যায়নি কোন সুইসাইড নোটও।

এদিকে, নার্সের মৃত্যুর খবর প্রকাশ্যে আসতেই স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায় হাসপাতালে পৌঁছেছেন। অধ্যক্ষ, উপাধ্যক্ষ ছাড়াও গতরাতে ওই বিভাগে কর্মরত অন্য কর্মী ও আধিকারিকদের সঙ্গে কথা বলেন তিনি। এদিকে, ইতিমধ্যেই হাসপাতালে পৌঁছেছে কলকাতা পুলিশের হোমিসাইড শাখা। সিসিটিভি ফুটেজ খতিয়ে

দেখার পাশাপাশি শুরু হয়েছে তদন্ত। দেহ ময়না তদন্তে পাঠানো হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে মৃতার মোবাইল ফোন। কল রেকর্ডিংও খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে পূর্ববর্তী তৃণমূল কংগ্রেস সরকারের সময়, ইস্যু করা সমস্ত ‘অন্যান্য অনগ্রসর শ্রেণি’ বা ওবিসি এ এবং বি শংসাপত্র কলকাতা হাইকোর্ট বাতিল করেছে। আগের ইস্যু করা শংসাপত্রগুলির আর কোনও বৈধতা নেই বলে আদালত জানিয়েছে। ২০১০ সালের পরবর্তী সময়ে, তৎকালীন তৃণমূল কংগ্রেস সরকার ওবিসি সম্প্রদায়গুলিকে দুটি শ্রেণিতে ভাগ করলে, এই বিতর্ক শুরু হয়। পরবর্তীতে ওবিসি শংসাপত্র প্রদানের ক্ষেত্রে অনিয়ম ও দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে আইনি জটিলতার সৃষ্টি হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন যুক্তরাষ্ট্রের কয়েকটি রাজ্য, ভারতের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, ১৫-ই আগস্টকে 'ইণ্ডিয়া ডে' হিসেবে ঘোষণা করে বিশেষ নির্দেশ জারি করছে। নিউ ইয়র্ক, নিউ জার্সি ও ম্যাসাচুসেটসের পর ডেলাওয়্যার এই নির্দেশ জারি করেছে। ডেলাওয়্যারের গভর্নর ম্যাথিউ মেয়ার সব নাগরিককে 'ইণ্ডিয়া ডে' উদযাপনের আহ্বান জানান।

এই উপলক্ষে ভারতের স্বাধীনতাকে সম্মান জানানোর পাশাপাশি ডেলাওয়্যারের ভারতীয় সম্প্রদায়ের লোকজনদের সম্মান জানানা হবে।

এর আগে, নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল এবং নিউ জার্সির গভর্নর মিকি শেরিলও ১৫ আগস্টকে 'ইণ্ডিয়া ডে' হিসেবে স্বীকৃতি দিয়ে একই ধরনের নির্দেশ জারি করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলম্বিয়ার প্রেসিডেন্ট আবেলার্ডো দে লা এসপ্রিয়েলা সাম্প্রতিক বিধ্বংসী ভূমিকম্পের পর ত্রাণ ও পুনর্গঠনের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণের সুবিধার্থে অর্থিক জরুরি অবস্থা ঘোষণা করেছেন। সরকারি তথ্য অনুযায়ী, এই ভূমিকম্পে অন্তত ২ শো ৬৫ জন নিহত এবং ৩ হাজার ৪ শো ৯৪ জন আহত হয়েছেন। প্রেসিডেন্ট দে লা এসপ্রিয়েলা বলেছেন, সরকার ক্ষতিগ্রস্ত পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান ও জনগোষ্ঠীকে সহায়তা প্রদান এবং পুনর্গঠন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে জরুরি পদক্ষেপ গ্রহণ করছে।

চলতি সপ্তাহের সোমবার ৭ দশমিক ৪ মাত্রার তীব্র ভূমিকম্প কলম্বিয়ায় আঘাত হানে।

এর আগে, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ভূমিকম্পে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় ডঃ জয়শঙ্কর স্বজনহারা পরিবারগুলির প্রতি সমবেদনা জানিয়েছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। ভারত সম্ভাব্য সব ধরনের সহায়তা প্রদানে প্রস্তুত রয়েছে বলেও তিনি উল্লেখ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কানাডিয়ান ওপেন টেনিসে, আজ সকালে মন্ট্রিয়লে পুরুষদের সিঙ্গেলসের সেমিফাইনালে যুক্তরাষ্ট্রের ব্র্যান্ডন নাকাসিমা, স্পেনের রাফায়েল জোদারকে ৭-৬, ৬-৪ সেটে পরাজিত করে ফাইনালে উঠেছেন।

অন্য সেমিফাইনালে, বর্তমান চ্যাম্পিয়ন বেন শেলটন, স্বদেশীয় লার্নার টিয়েনকে ৬-২, ৬-৩ সেটে হারিয়ে ফাইনালে উঠেছেন। ফাইনালে শেল্টন, ব্র্যান্ডন নাকাসিমার মুখোমুখি হবেন।

মহিলাদের সিঙ্গেলসে, আজ সকালে সেমিফাইনালে চতুর্থ বাছাই কোকো গফ ৬-৪, ৬-৭, ৭-৬ সেটে, দ্বিতীয় বাছাই এলিনা রিবাকিনাকে পরাজিত করেছেন। অপর সেমিফাইনালে, সপ্তম বাছাই ইগা সুইয়াতেক ৬-৩, ১-৬, ৬-৩ সেটে নবম বাছাই এলিনা সিতোলিনাকে হারিয়ে দিয়েছেন।

ooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo